

পরিচালক-২ (উপ-আঞ্চলিক সহযোগিতা সেল) :

১. সরকার কর্তৃক গৃহীত কর্মকাণ্ড ও কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে গঠিত উন্নয়ন সেল এর উপর অর্পিত দায়িত্ব পালনে সহায়তা করা;
২. প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত, আদেশ, নির্দেশ ও প্রতিশ্রূতি বাস্তবায়নে মনিটরিং সেলের সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের কর্মতৎপরতা মনিটরিং করা ও উৎর্বর্তন কর্তৃপক্ষকে অবহিতকরণ;
৩. সংশ্লিষ্ট আইন, বিধি, আদেশ, প্রশাসনিক নির্দেশ ও পরিপত্রসমূহ সর্বশেষ সংশোধনীসহ সংরক্ষণ;
৪. নথিপত্রের যথাযথ ব্যবস্থাপনা, সংরক্ষণ ও গোপনীয়তা রক্ষা;
৫. গুরুত্বপূর্ণ নথি ও দলিলপত্র সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট শাখায় প্রেরণ;
৬. অধীনস্থ কর্মচারীদের কাজের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ;
৭. ‘প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মকর্তাগণকে প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ’ মোতাবেক দায়িত্ব পালন; এবং
৮. উৎর্বর্তন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।